

Ex/CBCS/BNG/UG/CORE/2.2/2019

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

সাম্মানিক বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য (পর্ব - ১)

কোর্স : ইউ.জি. : কোর ২.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান।

১. ক. 'নায়ক' কয় প্রকার? নামগুলি উল্লেখ করে তাদের গুণাগুণ সম্পর্কে আলোচনা করো।
খ. 'প্রার্থনা' পর্যায়ের একটি পদের সংক্ষিপ্ত পর্যালোচনা করো। ৪+৬=১০
অথবা
২. আক্ষেপানুরাগ-এর তাত্ত্বিক পরিচয় দিয়ে সেই বিষয়ক একটি পদ সংক্ষেপে আলোচনা করো। ৪+৬=১০
৩. 'শাক্ত পদাবলী'-র 'আগমনী' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা বলে তুমি কাকে মানবে? যুক্তিসহ তোমার মত প্রতিষ্ঠা করো। ১০
অথবা
৪. ঈশ্বরের কাছে সাধক তাঁর ব্যক্তিগত 'মুক্তি' প্রার্থনা করেন, কিন্তু সেই প্রার্থনায় সমকালীন রাজনীতি-অর্থনীতির সংকটের ছায়া স্পষ্টভাবে রয়ে যায় - শাক্তসাধকের পদরচনায় কথাটি কীভাবে সত্য হয়ে উঠেছে, বিশ্লেষণ করে দেখাও। ১০

(Turn over)

(2)

৫. 'ইহা ঘরেরও নহে, বাহিরেরও নহে' – 'মহুয়া' গীতিকাটি প্রসঙ্গে সমালোচকের এই মন্তব্যের তাৎপর্য কী? নিজের ভাষায় আলোচনা করো। ১০

অথবা

৬. 'মলুয়া' গীতিকাটিতে বাঙালির পারিবারিক তথা সামাজিক জীবনের যে চিত্র পাওয়া যায় তার বিশদ পরিচয় দাও। ১০

৭. বাংলায় শ্রমজীবী মানুষের বিচিত্র জীবিকার সঙ্গে জুড়ে আছে নির্দিষ্ট কবির ভনিতাবিহীন অজস্র গান। তোমার পড়া এমন দুটি গানের বাণী বিশ্লেষণ করে এগুলিকে 'জনপদাবলি'-র অন্তর্ভুক্ত করার কারণ বুঝিয়ে দাও। ১০

অথবা

৮. লালনের গানে যেমন গভীর তত্ত্বকথা চোখে পড়ে প্রায়শই, তেমনি তাঁর বহু গানে রূপকের আবডাল ছাড়া সরাসরি সংযোগের প্রয়াসও লক্ষ করা যায়। তোমার পড়া দুটি লালন-গানের আলোচনায় এই দুই ধরনের পরিচয় দাও। ১০